১৫৮

(1)

ড্রাগ কন্ট্রোল এর ৯-৬-৮৭ ইং তারিখের ১৫৮ তম সভার আলোচ্যসূচী:

১। ১০-৫-৮৭ ইং তা গঠিত ড্রাগ কন্ট্রোল কমিটির সভায় নিম্নলিখিত বিষয়ে আলোচনা :

ক) স্থান

খ) সময়/দিবস সপ্তা

গ) সভার কার্য আরম্ভ করিবার নুন্যতম সদস্যের সংখ্যা( quorum )

ঘ) চেয়ারম্যান সাহেব (সচিব) অনুপস্থিতিতে কমিটির সভায় সভাপতিত্ব করিবার জন্য একটি প্যানেল নির্বা ।

২। পুর্বতন সভার ( ১৫৭ তম ) বিবরনী অনুমোদন ।

৩। অত্যাবশ্যকীয় তালিকা বহির্ভুত ঔষধের রেসিপি বিবেচনা।

৪। প্রস্তুতকৃত ঔষধের আমদানীর ক্ষেঃ বিবেচনা।

৫। ঔষধ প্রশাসন কর্তৃক পেশকৃত নিম্নলিখিত বিষয়

ক) আবাসিক এলাকারকারখানা স্থানান্তর, আবাসিক এলাকায় অবস্থিত কারখানার নুতন রিসিপি অনুমোদন সংক্রান্ত ।

খ) যে সকল ঔষধ প্রস্তুতকারদের লাইসেন্সে অনেকগুলো পদ অনুভুক্ত আছে সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে নুতন রিসিপি অনুমোদন সংক্রান্ত ।

গ) অত্যাবশ্যকীয় ১৫০ এবং সাপ্লিমেন্টরী ১০০ টি পদ বহির্ভুত অন্যান্য ঔষধের রিসিপি অনুমোদন এবং লাইসেন্স প্রদান সংক্রান্ত ।

ঘ) "সাব কমিটি পরিদর্শন" তাহাদের কাজআরম্ভ করিবে কিনা সে সম্পর্কে সিদ্ধান্ত প্রদান সংক্রান্ত ।

ঙ) বিভিন্ন প্রতিষ্ঠানের পেশকৃত অত্যাবশ্যকীয় তালিকাভুক্ত ঔষধের অনুমোদন সংক্রান্ত।

চ) নক্সাপিন লিকুইডে নক্সাপিন বেস হিসাবে অনুমোদন দেওয়া হইবে না হাইড্রোক্লোরাইড লবন হিসাবে অনুমোদন দেওয়া হইবে এই ব্যাপারে ড্রাগ কন্ট্রোল কমিটির মতামত সংক্রান্ত । উল্লেখ্য যে, ইতিপুর্বে ডি, সি, সি অনুমোদিত নক্সাপিন লিকুইডে বিপি অনুযায়ী নক্সাপিন বেস রূপে অনুমোদিত হয় তবে উহাতে দ্রাবক হিসাবে ক্লোরোফর্ম ব্যবহার করা হয় যাহা পলিসি অনুযায়ী গ্রহনযোগ্য নয় ।

X

৬। কমিটির সদস্য ডঃ জাফরুল্লাহ চৌধুরী চিঠি সম্পর্কে আলোচনা ।

৭। সভাপতির অনুমতি ক্রমে যে কোন বিষয় ।

মো. নু. আনোয়ার
৮/৬/৮৭ ই.

ড্রাগ কন্ট্রোল কমিটির বিগত ৯-৬-৮৭ ইং তারিখের ১৫৮ তম সভার কার্যাবিবরনী

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ড্রাগ কন্ট্রোল কমিটির ১৫৮ তম সভা বিগত ৯-৬-৮৭ ইং বাংলা তারিখে সকাল ১১ ঘটিকায় ঔষধ প্রশাসন পরিদপ্তরে ৮০, মতিঝিল বা/এ, ঢাকায় অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নলিখিত সদস্যগন উপস্থিত ছিলেনঃ

১) ব্রিগেডিয়ার আনিস ওয়াইজ
২) ডাঃ জাফরুল্লাহ চৌধুরী
৩) ডঃ এ,কে, আজাদ চৌধুরী
৪) মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
৫) ডাঃ আজিজুর রহমান
৬) ডঃ মোঃ নুরুল আনোয়ার
৭) ডঃ মোঃ জাহাংগীর
৮) জনাব আমিন লস্কর।

নব গঠিত কমিটির সদস্যগনকে অভিনন্দন জ্ঞাপন করা হয়।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত লওয়া হয়।

১। ১৫৭তম সভার কার্যবিবরনী অনুমোদন করা হয়।

২। কমিটির সভা সম্পর্কে নিম্নলিখিত সিদ্ধান্ত লওয়া হয়।

ক) কমিটির সভা প্রতিমাসে ২য় ও চর্তুথ বুধবার নিপসম এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হইবে।

খ) সভার কার্য আরম্ভ করিবার নুন্যতম সদস্য সংখ্যা ৯ জন সদস্যের মধ্যে ৫ জন সদস্য উপস্থিত হইলে সভা অনুষ্ঠিত হইবে।

গ) চেয়ারম্যান সাহেবের (সচিব) অনুপস্থিততে কমিটির সভার সভাপতিত্বে করিবার জন্য ব্রিগেডিয়ার আনিস ওয়াইজ অথবা ~~ডাঃ মনোয়ারা~~ বিনতে রহমান অথবা তাহাদের অনুপস্থিতে কনসেনসাস অনুযায়ী সদস্যের সভাপতিত্বে সভার কার্য শুরু করা যাইবে।

৩। ক) আবাসিক এলাকার কারখানা সম্পর্কে আলোচনা করা হয় এবং আবাসিক এলাকা ও বানিজ্যিক এলাকার স্থান সম্পর্কে সি ডি এ (CDA) ও ডি আই টি (DIT) হইতে তথ্য জানার জন্য বলা হইল।

খ) সকল জেলার বানিজ্যিক ও আবাসিক এলাকার ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠানের রেসিপি অনুমোদন করা হইবেনা, ~~এবং~~ আবাসিক এলাকায় অবস্থিত সকল ঔষধ প্রস্তুতকারী প্রতিষ্ঠান কেন তাহারা কারখানা স্থানান্তরিত করিতেছেনা তাহার কারন দর্শাইতে বলা হইল এবং তাহাদিগকে এক বৎসর সময়ের মধ্যে কারখানা স্থানান্তরিত করিতে বলা হইল।

গ) যে সকল প্রতিষ্ঠান আবাসিক এলাকায় অথবা বানিজ্যিক এলাকায় অবস্থিত তাহাদের কোন নুতন রেসিপি বিবেচনা করা হইবে না।

ঘ) আবাসিক এলাকায় অবস্থিত কোন নুতন প্রতিষ্ঠানের কোন রেসিপি অনুমোদন করা হইবেনা যে সকল প্রতিষ্ঠানের রেসিপি অনুমোদন ১ বৎসরের বেশী হইয়াছে এবং নমুনা দাখিল করে নাই, তাহাদের রেসিপি বাতিল বলিয়া গন্য হইবে।

৪। যে সকল ঔষধ লাইসেন্স ভুক্ত আছে কিন্তু বাজারজাত করা হয় নাই, তাহাদের বাজারজাত না করার কারন দর্শাইতে বলা হইল।

অঃ পৃঃ দ্রঃ /২।

৪। অত্যাবশ্যকীয় ১৫০ ও সাপ্লিমেন্টারী ১০০টির ১৫০টি তালিকা বহির্ভুত ঔষধের রেসিপি অনুমোদন/লাইসেন্স প্রদান আপাততঃ স্থগিত রাখার সিদ্ধান্ত নওয়া হইল এবং নিম্নলিখিত সদস্য সহ একটি সাব কমিটি গঠন করা হইল।

১) ব্রিগেডিয়ার আনিস ওয়াইজ
২) ডঃ আজাদ চৌধুরী
৩) ডাঃ আজিজুর রহমান।
৪) ডা. জাফর উল্লাহ

সাব কমিটি সকল ঔষধের তালিকা পরীক্ষা করিয়া প্রয়োজনবোধে সংকোচন/পরিবর্ধন করিবেন।

৫। নক্সাপিন তরল আকারে বাতিল করা হইল কারন তরল আকারে তৈরীর সময় দ্রাবক হিসাবে ক্লোরোফর্ম ব্যবহার করিতে হয়। নীতি অনুযায়ী তাহা গ্রহন যোগ্য নয়।

৬। এখন হইতে ইউনানী, আর্যবেদ ও হোমিওপ্যাথি ঔষধের রেসিপি সমূহ ড্রাগ কন্ট্রোল কমিটি বিবেচনা করিবেন। ১৫৩ তম সভায় উক্ত বিষয়ে বিশেষজ্ঞগণ উপস্থিত থাকিবেন।

৭। নেলিডিক্সিক এসিড ক্যাপসুল যাহা পূর্বে ক্যাপসুল আকারে বাতিল করা হইয়াছিল এবং উক্ত ঔষধ যেহেতু বাতিল বলিয়া ঘোষনার পরে (২৩-৩-৮৭ ইং) এল,সি খোলা হইয়াছে সেহেতু ঔষধের ছাড়পত্র প্রদানের আবেদন ~~(প্রায় ১ কোটি টাকার)~~ গ্রহন যোগ্য নয়। উল্লেখ করা যাইতে পারে যে, যে প্রতিষ্ঠান উক্ত ঔষধ রেজিস্ট্রেশন করাইয়াছেন (মেসার্স-মেডিমপেক্স) তাহারা ২২-৩-৮৭ ইং তারিখে উক্ত ঔষধ বাতিলের চিঠি গ্রহন করিয়াছেন। ~~কেন তাহারা ঔষধ সম্পর্কে সিদ্ধান্ত তাহাদের বিভিন্ন প্রতিনিধিকে সময়মত অবগত করান নাই তাহা কারন দর্শানোর জন্য বলা হইল। কমিটির একজন সদস্য জনাব আমিন লস্কর সাহেব এ ব্যাপারে ভিন্ন মত পোষন করিয়াছেন।~~

৮। পশুচিকিৎসার ঔষধের রেসিপি বিবেচনার জন্য একজন বিশেষজ্ঞ অবজার্ভার ( ) হিসাবে উপস্থিত থাকার সিদ্ধান্ত নওয়া হইল এবং পশুপালন পরিদপ্তরের পরিচালক সাহেবকে পশুচিকিৎসার ঔষধের একজন বিশেষজ্ঞকে এই কমিটিতে (ডি,সি,সি) অবজার্ভার হিসাবে ~~নিয়োজিত~~ নিয়োগের জন্য অনুরোধ করা হইল। তিনি কমিটিতে শুধুমাত্র পশুচিকিৎসার ঔষধের ব্যাপারে মতামত প্রদান করিবেন।

৯। কমিটির (৮-৪-৮৭ ইং) তারিখ এর ১৫৩তম সভায় গঠিত পরিদর্শনের জন্য সাব কমিটি কার্য শুরু করিবেন।

১০। ঔষধ প্রশাসন কর্তৃক সুপারিশ কৃত অত্যাবশ্যকীয় তালিকা ভুক্ত ঔষধের রেসিপির তালিকা অনুমোদিত করা হইল এবং তাহাতে মেসার্স- ডলফিন ফার্মা এর ভিটামিন ড্রপ ~~ভিটামিন~~ বাতিল করা হইল। ( সংযুক্ত করা হইল ৮-৩)

১১। নিম্নলিখিত ঔষধের আমদানীর রেজিঃ বিবেচনা করা হয়।

| | | |
|---|---|---|
| মেসার্স-টানাবী সিকো, জাপান। | হার্বেসার টেবলেট ৩০ মিঃগ্রাঃ ( ডিলটাজেম ) | ~~প্রতি টেবলেট ৬০ মিঃগ্রাঃ এর মাত্রায় পেশ করিতে বলা হইল।~~ অনুমোদন দেওয়া হইল |
| মেসার্স-ডঃ থিলো, পশ্চিম জার্মানী। | ১) বেনক্সিনেট আই ড্রপ | বাতিল করা হইল কারন প্রয়োজন নাই। |
| | ২) ডেক্সাপলিস্পেক্ট আই ড্রপ (নিওমাইসি পলিমিক্সিন, গ্রেমিসিডিন, ডেক্সামিথাসন) | ঐ |
| | ৩) মনফ্লাক্টিভাথ থিলো আই ড্রপ | ঐ |
| | ৪) পলিস্পেকটান আই ড্রপ (পলিমিক্সিন, গ্রেমিসিডিন নিওমাইসিন) | ঐ |

অঃপৃঃ দ্রঃ/৩

| | | |
|---|---|---|
| মেসার্স-গ্রীনএক্স কর্পোরেশন কোরিয়া। | হেপাভেক্স -বি | স্থগিত রাখা হইল। |
| মেসার্স-হোটামাকি ও লেরিস ফার্মা, ফিনল্যান্ড। | ১) টেমোকেন-১০ মিঃগ্রাঃ (টেমোক্সিফেন সাইট্রেট) | অনুমোদন হইল। |
| | ২) টেমোকেন-২০ মিঃগ্রামঃ | অনুমোদন হইল। |
| | ৩) সালবুটামল (ইনহেলেশন এরোসল) | অনুমোদন হইল। |

ডাঃ জাফরুল্লাহ চৌধুরীর চিঠি আলোচনার পর অনুমোদন করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত নওয়া হয় (সংযুক্ত করা হইল-৮)।

১) ক) রেসিপির আবেদনের দরখাস্ত দাখিলের তারিখের উল্লেখ করিতে হইবে।
খ) কয়টি অনুমোদিত রেসিপি রহিয়াছে।
গ) কয়টি ঔষধ বাজারজাত আছে।
ঘ) গত আর্থিক বছরে কত টাকার এক্সাইজ ডিউটি দিয়াছেন।

২) রেসিপিতে কোম্পানীর মালিক ও প্রোডাকশন ম্যানেজার ও মাননিয়ন্ত্রন ম্যানেজার স্বাক্ষর ~~দস্তখত~~ করিবেন এবং নাম উল্লেখ করিবেন।

৩। আবেদন কৃত ঔষধ যে সমস্ত রোগে ব্যবহৃত হইবে তাহার তালিকা ও মাত্রা রেসিপি আবেদন পত্রে উল্লেখ করিতে হইবে। এবং ইহার মোড়ক ইনসার্ট অথবা বিজ্ঞাপনে ব্যতিক্রম হইলে লাইসেন্স বাতিল হইয়া যাইবে।

৪। ঔষধ নিম্নমানের ~~প্রতিমান~~ প্রমানিত হইলে ঔষধ বাজার হইতে প্রত্যাহারের বিজ্ঞাপন ৩টি ~~পত্রিকার~~ পত্রিকার প্রথম পাতায় প্রকাশ করিতে হইবে।

৫। পূর্বে ( ১৫৩ তম সভায়) ৫টি পত্রিকায় নাম উল্লেখ করা হইয়াছিল তাহা সংশোধন করিয়া নিম্নলিখিত ৪টি পত্রিকা উল্লেখ করিতে বলা হইল।
১) ইত্তেফাক
২) অবজারভার
৩) দৈনিক বাংলা
৪) সংবাদ।

৬। খারাপ ঔষধ প্রত্যাহারের সংবাদ প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সকল পত্রিকায় প্রকাশ করিতে হইবে।
গত তিন বৎসর কোম্পানীকে নিম্নমান ঔষধের জন্য প্রশাসন কর্তৃক তিরস্কার বা সতর্কীকরন করা হইলে, পূর্ন বিবরন দিতে হইবে। কোন রূপ ভুল তথ্য পরিবেশন করিলে লাইসেন্স বাতিল হইবে।

৭। কোন ব্যাচের ঔষধ নিম্নমানের প্রমানিত হইলে, ঔষধ প্রশাসনের অনুমতি লইয়া ~~লইবে~~। ভবিষ্যতে ঔষধ নুতন ব্যাচ বাজারজাত করিতে হইবে।

সভাপতি উপস্থিত সদস্যগনকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কার্য সমাপ্ত ঘোষনা করেন।

(মো. নু. আনোয়ার ২৭/৬/৮৭ ইং)
(ডঃ মোঃ নূরুল আনোয়ার)
সদস্য-সচিব
ড্রাগ কন্ট্রোল কমিটি।

[signature] ৩৩/৬/৮৭

সভাপতি
ড্রাগ কন্ট্রোল কমিটি।

| | | |
|---|---|---|
| মেসার্স- পি, টি, ওটসুকা, জাপান | ১) মেপটিন সিরাপ (প্রোকেটিরল) | রেজিঃ এর পুর্বশর্তাবলী পুরন করা হয় নাই |
| মেসার্স-ব্রিমার ফার্মা, পশ্চিম জার্মানী | ১) সলিউভিট এডি স্ক্রুট (পশুচিকিৎসা) | স্হগিত রাখা হইল। |
| | ২) এ এস সুপারমেড ( " ) | " |
| | ৩) সি এফ-সাসপেনসন " | " |
| | ৪) ফ্লু মেকুইন ১০% " | " |
| | ৫) ফুরালটাডোন ৩০% " | " |
| | ৬) নিউসিন ৩০ " | " |
| | ৭) সালফ এ, কে ৩ স্ক্রুট " | " |
| | ৮) সুপারকক " | " |
| | ৯) সুপারমেড টি এস " | " |
| | ১০) টেক্ফুভিট এম এক্স এ " | " |
| | ১১) টি এন এক ৬০ " | " |
| | ১২) এম্পিসিলিন ১০%, ২০% " | " |
| | ১৩) জেনটামাইসিন ১% " | " |
| | ১৪) অক্সিট্রেট্রাসাইক্লিন ৫%, ১০% " | " |
| | ১৫) স্ট্রেপটোপেন পি ইনজেকশন " | " |
| | ১৬) টাইলো প্রেডনিকোল ইনজঃ | " |
| | ১৭) জেনটামার্ক ( স্ক্রুট ) " | " |
| | ১৮) ডেউ ইনজেকশন " | " |
| | ১৯) ট্যাপিনেক্স পাউডার " | " |
| | ২০) ওয়ার্মেক্স স্ক্রুট " | " |
| | ২১) সুপারসেক্ট (ডিসিজফেকটাল) | " |
| | ২২) এট্রাপিন ইনজেকশন " | " |
| | ২৩) অক্সিটোসিন ইনজেকশন " | " |
| | ২৪) কোসকানল ইনজেকশন " | " |
| | ২৫) সি এন জি স্প্রে " | " |
| | ২৬) নিউ ইউটেরো ট্যাব " | " |
| মেসার্স-বোরি ংগার | বেজলিপ ( বেজাফাইব্রেট ) | ডঃ আজাদ চৌধুরী এর ~~[illegible]~~ মতামতের জন্য স্হগিত রাখা হইল। |
| মেসার্স-লেক ফার্মা | লেকো ডেক্সোন (ডেক্সামেথাসন ইনজেকশন) | বাতিল করা হইল কারন আমদানী যোগ্য নয়। |
| মেসার্স-এসোসিয়েটেড লের ভারত। | রিগাল ( টেটনাল | বাতিল করা হইল কারন রেজিঃ এর পুর্বশর্তাবলী পুরন করা হয় নাই। |
| | গ্লোবুনাল | ঐ |
| | এলবুনাল | ঐ |
| | ইনডোভুনাল | ঐ |
| মেসার্স-মেডিমপেক্স | ১) ডেট্রিল ইনজেকশন (পশুচিকিৎসা) | পশুপালন পরিদপ্তরের মতামত এর জন্য স্হগিত রাখা হইল। |
| | ২) ডিপোরস্যোলোন " | ঐ |
| | ৩) রিজিমেন্ট " | ঐ |
| | ৪) ডুক্সি য়াস ইনজেকশন (নর ইথিগরষ্টরন ইসথায়োনেট ) | স্হগিত রাখা হইল। |

অঃ পৃঃ দ্রঃ /৪।

সংযুক্তি-৩

১৫৮
১/৬/৮৭

১৭৩

নিম্নলিখিত প্রতিষ্ঠানের পেশকৃত অত্যাবশ্যকীয় তালিকাভুক্ত রিসিপির ব্যাপারে ঔষধ প্রশাসন পরিদপ্তরের সুপারিশ নিম্নরূপ :-

| মেসার্স মিল্লাত ফার্মাসিউটিক্যালস লি. | মন্তব্য |
| --- | --- |
| ১। নিউট্রিম টেবলেট ও সাসপেনসন (কোট্রাইমক্সাজল) | একই বিল্ডিং এ ইউনানী ও এলো-প্যাথিক ঔষধ প্রস্তুত জি,এম,পির পরিপন্থি বিধায় বাতিল করা যাইতে পারে। ই[illegible] ডিভিশন অন্যত্র স্থানান্তর করিলে বিবেচনা করা যাইতে পারে। |
| ২। আইরোডল সিরাপ (ফেরাস সালফেট) | |
| ৩। মিটারগন সিরাপ (প্রোমিথাজিন হাইড্রক্লোরাইড) | |
| ৪। নিওজিল টেবলেট ও সাসপেনসন (মেট্রোনিডাজল) | |
| ৫। প্যারাসিটামল টেবলেট ও সিরাপ (লিভামিসোল হাইড্রো-ক্লোরাইড) | |
| ৬। মিটেক্স টেবলেট ও সিরাপ (লিভামিসোল হাইড্রো-ক্লোরাইড) | |
| ৭। হাইড্রোসিড টেবলেট (এন্টাসিড) | |
| ৮। নিওরিক টেবলেট (এলুপিউরিনল) | |
| ৯। হাইড্রোসিড সাসপেনসন (এন্টাসিড) | |
| ১০। করট্রিল টেবলেট (ডেক্সামিথাসন) | |
| ১১। মিল্লভিট ড্রপ (মালটিভিটামিন) | |
| ১২। ক্লোরামফেনিকল স্কিন অয়েন্টমেন্ট ৩% | |
| ১৩। সিডিন টেবলেট (সিমিটিডিন) | |
| ১৪। অপথাসিড আই অয়েন্টমেন্ট (সলফাসিটামাইড) | |

মেসার্স ডলফিন ফার্মাসিউটিক্যালস

| | |
| --- | --- |
| ১। কে-ইলেক্ট্রোলাইট সিরাপ (পটাশিয়াম ক্লোরাইড) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। ইপিড্রিল সিরাপ (ইপিহিড্রিন হাইড্রোক্লোরাইড) | ঐ |
| ৩। ডিকোট্রিম সাসপেনসন (কোট্রাইমোক্সাজল) | সোডিয়াম সাইট্রেট বাদ দিয়ে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| X ৪। ভিটামিন ড্রপ (মালটিভিটামিন) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৫। ডোটেক্স সিরাপ (লিভামিসল হাইড্রোক্লোরাইড) | ঐ |
| ৬। ডলোসিন ক্যাপসুল (এম্পিসিলিন ২৫০- মি গ্রা) | স্থগিত রাখা যাইতে পারে। |
| ৭। ডি-টেট্রা ক্যাপসুল (টেট্রাসাইক্লিন হাইড্রোক্লোরাইড) ২৫০ মি গ্রা | পেনিসিলিন ও ননপেনিসিলিন এলাকার বায়ু প্রবাহ সম্পূর্ন পৃথকী-করন ও লেমিনার এয়ারফ্লো কেবিনেট স্থাপন না করা পর্যন্ত স্থগিত রাখা যাইতে পারে। |
| ৮। ডলোসেট টেবলেট (মেট্রোনিডাজল) | টেবলেট মেশিন স্থাপনের ও অন্যা-ন্য ব্যাবস্থা পর বিবেচনার জন্য স্থগিত রাখা যাইতে পারে। |
| ৯। থাইও-বি টেবলেট (থাইয়ামিন হাইড্রোক্লোরাইড) | ঐ |
| ১০। ডলোপাইরিন টেবলেট (প্যারাসিটামল) | ঐ |
| ১১। ডিফলেট টেবলেট (ফলিক এসিড) | ঐ |
| ১২। ডলোস্পিন টেবলেট (এসিটাইল সেলিসাইলিক এসিড) | ঐ |
| ১৩। ডোভিট -সি টেবলেট (ভিটামিন সি) | ঐ |
| ১৪। ডলোজেক্স -বি টেবলেট (ভিটামিন বি কমপ্লেক্স) | ঐ |
| ১৫। ডলোজেল টেবলেট (এন্টাসিড) | ঐ |

| | |
|---|---|
| ১৩। ডিউরেট-এফ ক্যাপসুল (ফেরাস ফিউমারেট-+ফলিক এসিড) | ট্যাবলেট আকারে পুনরায় দাখিল করার জন্য বলা যাইতে পারে। |
| **মেসার্স জিএ, কোম্পানী** | |
| ১। গ্রাইফুলভিন ৫০০ ট্যাবলেট (গ্রাইসোফুলভিন) | প্যাকসাইজ জানানোর শর্তসহ অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। বেনডেক্স-৫০০ ট্যাবলেট (মেবেনডাজল) | অতিরিক্ত এক্সিপিয়েনট বাদ দিয়ে, প্যাক সাইজ উল্লেখ করে এবং এর স্পেসিফিকেশন দিয়ে পুনরায় পেশ করার জন্য বলা যাইতে পারে |
| **মেসার্স বিকল্প ফ্রেন্ডস ফার্মাসিউটিক্যালস** | |
| ১। এলারফিন সিরাপ (ক্লোরফেনিরামিন ম্যালিয়েট) | রোগ নির্দেশ এন্টিহিস্টামিন হিসাবে এবং পানির স্পেসিফিকেশন বিপি ইত্যাদি সংশোধন সহ অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। এলারফিন ট্যাবলেট (ক্লোরফেনিরামিন ম্যালিয়েট) | ট্যাবলেট এর গড় ওজন xxxxx কমিয়ে প্যাকসাইজ সহ পুনরায় পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৩। সেট্রিম সাসপেনশন (কো-ট্রাইমক্সাজল) | অতিরিক্ত ফ্লেভার ও সুইটেনিং এজেন্ট কমিয়ে পুনরায় পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৪। ক্লক্সা কেপসুল (ক্লক্সাসিলিন ২৫০ মি গ্রা) | বর্তমান পলিসি সিদ্ধান্ত অনুযায়ী ২৫০ মি.গ্রা. গ্রহনযোগ্য নয়। ৫০০ মি.গ্রা. মাত্রায় পুনরায় পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৫। পলিভিট ড্রপ (মালটিভিটামিন) | সংশোধিত নাম ও বর্ধিতাংশ (ওভারেজ) সহ পুনরায় পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৬। নিউট্রাজেন পাউডার (এন্টাসিড) | বর্তমান পলিসি সিদ্ধান্ত অনুযায়ী এন্টাসিড পাউডার গ্রহনযোগ্য নয় বিধায় বাতিল করা যাইতে পারে। |
| **মেসার্স ন্যাশনাল ল্যাবরেটরীজ লি.** | |
| ১। পাইরাজিড ট্যাবলেট (পাইরাজিনামাইড) | কারখানা শিল্প এলাকায় স্থানান্তর করা পর্যন্ত স্থগিত রাখা যাইতে পারে। |
| ২। ট্রাইমক্স ফোর্ট ট্যাবলেট (কোট্রাইমক্সাজল ৯৬০ মি.গ্রা) | — ঐ — |
| **মেসার্স জেনারেল ফার্মাসিউটিক্যালস লি.** | |
| ১। জেনাক্লক্স অরাল সাসপেনসন (ক্লক্সাসিলিন সোডিয়াম) | নিম্নলিখিত সংশোধনীসহ অনুমোদন দেওয়া যাইতে পারে। (১) প্যাকসাইজ ১০০ মি. লি. হইবে, (২) ফর্মুলা ১০০ মি লি অনুযায়ী উল্লেখ করিতে হইবে, এবং (৩) কেবোসিল এর জেনেরিক নাম দিতে হইবে। |
| ২। ইনডোমিথা ক্যাপসুল (ইনডোমিথাসিন) | নাম পরিবর্তন করে বর্ধিতাংশ (ওভারেজ) বাদ দিয়ে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৩। আইসোটেব ট্যাবলেট (আইসোফুলভেন ৫০০ মি গ্রা) | কার্যকরী উপাদানের স্পেসিফিকেশন সংশোধন করিয়া বিপি করে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৪। জেনিসেক ট্যাবলেট (আয়োপিনোয়িক এসিড) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৫। ডেক্সামিথা ট্যাবলেট (ডেক্সামিথাসন ০.৫ মি গ্রা) | পরিদর্শনের জন্য স্থগিত রাখা যাইতে পারে এবং ট্যাবলেটের গড় ওজন কমিয়ে পুনরায় দাখিল করার জন্য বলা যাইতে পারে। |

**মেসার্স জে. সি. আই বাংলাদেশ লিঃ** ৬

| | |
|---|---|
| ১। ভারমিসল টেবলেট (লিভামিসল হাইড্রোক্লোরাইড) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। জেট্রাজল টেবলেট (মেট্রোনিডাজল) | ম্যানিটল, গাম একাশিয়া এডিসেল বাদ দিয়ে সংশোধিত আকারে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৩। এন্টাসিড (এন্টাসিড) | প্রিজারভেটিভ বাদ দিয়ে, ও এক্সিপিয়েন্টের জেনেরিক নাম দিয়ে সংশোধিত আকারে পুনরায় দাখিল করার জন্য বলা যাইতে পারে। |

**মেসার্স স্কুইব অব বাংলাদেশ লিঃ**

| | |
|---|---|
| ১। সি,টি সালমল -৪ মি গ্রা টেবলেট (সালবিউটামল সালফেট) | নিম্ন লিখিত সংশোধনসহ আবার পেশ ~~কX~~ করিতে বলা যাইতে পারে :-<br>(১) সালবিউটামল সালফেট সমান কত সালবিউটামল এর পরিমান উল্লেখ করিতে হইবে।<br>(২) এক্সপ্রোটের এর কেমিক্যাল নাম উল্লেখ করিতে হইবে।<br>(৩) রং এর এফ ডি এনড সি ~~XXX~~ নম্বর উল্লেখ করিতে হইবে।<br>(৪) ল্যাকটোজ, এনহাইড্রাস রুপে গ্রহন ~~XX~~ যোগ্য নয়। |
| ২। সিটি প্রিবেনক্লামাইড ৫ মি. গ্রা টেবলেট | নিম্ন লিখিত সংশোধনী সহ আবার পেশ করিতে বলা যাইতে পারে :-<br>(১) এক্সপ্রোটের এর কেমিক্যাল নাম উল্লেখ করিতে হইবে<br>(২) রং এর এফ,ডি, এনড সি নম্বর উল্লেখ করিতে হইবে,<br>(৩) ল্যাকটোজ, এনহাইড্রাস রুপে গ্রহন যোগ্য নয়। |
| ৩। স্পনট ড্রপ (হাইওসিন বিউটাইল ব্রমাইড) | বাচ্চাদের জন্য নিরাপদ নয় বিধায় ড্রাগ কনেট্রাল কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বাতিল করা যাইতে পারে। |

**মেসার্স ষ্টারস ফার্মাসিউটিক্যালস লিঃ**

| | |
|---|---|
| ১। এস এন্টাসিড সাসপেনসন | মাইক্রোবায়োলজিক্যল টেষ্টএর জন্য যে 'লেমিনার এয়ার ফ্লো কিবিনেট' এর পূর্ব অনুমোদন দেওয়া হইয়াছিল তাহা স্থাপন করা হইয়াছে কিনা জানানোর জন্য বলা যাইতে পারে। |

**মেসার্স একমি ল্যাবরেটরীজ লিঃ**

| | |
|---|---|
| ১। একমিসিলিন ৫০০ মি, গ্রা ক্যাপসুল (এম্পিসিলিন) | ডি সি সি সিদ্ধান্ত অনুযায়ী ৫০০ মি গ্রাঃ মাত্রার এমপিসিলিন বাতিল করা যাইতে পারে। |
| ২। পলিট্রিম -ডি এস টেবলেট (কোট্রাইমক্সাজল ৯৬০ মি গ্রা) | ঔষধটি দ্বিগুন মাত্রার বলে ডি. সি সি সিদ্ধান্ত অনুযায়ী বাতিল করা যাইতে ~~XXXX~~ পারে। |
| ৩। বেকটিনল লিকুইড (সেট্রিমাইড + ক্লোরহেক্সিডিন গ্লুকোনেট) | আদর্শ ফর্মুলাসহ আবার পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৪। ভি. ফেক ফিল্ম কোটেড টেবলেট (ভিটামিন বি- কমপ্লেক্স | কোটিং দ্রব্যাদি আলাদাভাবে দেখিয়ে আবার পেশ করার জন্যা বলা যাইতে পারে। |
| ৫। ফেরোক্লোবিন সিরাপ (ফেরাস সালফেট) | একই ব্রান্ড নামে তাহাদের আরেকটি আয়রন সিরাপ লাইসেন্স প্রাপ্ত আছে বিধায় ইহা বাতিল করা যাইতে পারে। |

[signatures]

৮ <u>মেসার্স জি.এ.কোম্পানী</u>

৪ ১৯৩

| | |
|---|---|
| ১। সিমপিসিলিন ক্যাপসুল ৫০০ মি:গ্রা (এমপিসিলিন) | ডি সি সি এর সিদ্ধান্ত অনুযায়ী ৫০০ মি:গ্রা: মাত্রার এই ঔষধ বাতিল করা যাইতে পারে। |
| ২। সিমপিক্লক্স ক্যাপসুল ৫০০ মি গ্রা: (ক্লকসাসিবনন) | ডি সি সির সিদ্ধান্ত এর জন্য স্থগিত রাখা যাইতে পারে। |
| ৩। রিউফেন সুগার কোটেড টেবলেট ৪০০ মি:গ্রা: (আইবিউপ্রোফেন) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |

<u>মেসার্স (গনস্বাস্থ্য) ফার্মাসিউটিক্যালস</u>

| | |
|---|---|
| ১। জি-ক্লোরামফেনিকল এনীম | ফর্মুলেশন ঠিক আছে। এনীম আকারে অত্যাবশ্যকীয় লিষ্টে নাই তবে অয়েনটমেন্ট আকারে আছে। সিদ্ধান্তের জন্য ডি সি সিতে পেশ করা যাইতে পারে। |
| ২। জি- এসকরবিক টেবলেট (এসকরবিক এসিড. সোডিয়াম এসকরবেট) | অনুমোদন দেওয়া যাইতে পারে। |

<u>মেসার্স বিকল্প ফ্রেন্ডস ফার্মাসিউটিক্যালস</u>

| | |
|---|---|
| ১। ফেরোফলিক টেবলেট (ফেরাস ফিউমারেট + ফলিক এসিড) | ফলিক এসিডের পরিমান সংশোধন করে ০.৫ মি:গ্রা: করে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। বি-টেব (ভিটামিন বি কমপ্লেক্স) | ফেনোটিন বাদ দিয়ে সংশোধিত রূপে অনুমোদন দেওয়া যাইতে পারে। |

৫ <u>মেসার্স বেক্সিমকো ফার্মাসিউটিক্যাল লি:</u>

| | |
|---|---|
| ১। ট্রাইমোপ্রিম ডি এস টেবলেট (কোট্রাইমক্সাজল-৯৬০ মি.গ্রা:) | দ্বিগুন মাত্রায় গ্রহনযোগ্য নয় বিধায় বাতিল করা যাইতে পারে। |

<u>মেসার্স ক্রিসেন্ট ফার্মাসিউটিক্যালস লি:</u>

| | |
|---|---|
| ১। সালমলিন টেবলেট ৪ মি:গ্রা (সালবিউটামল-সালফেট) | সামু এমানিয়া বাদ দিয়ে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। সালমলিন সিরাপ (সালবিউটামল সালফেট) | উপাদানের বানান শুদ্ধ করে সংশোধিত আকারে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ৩। ক্রিসন ইনজেকশন (ডেক্সামেথাসন সোডিয়াম-ফসফেট) | উৎপাদন ও মাননিয়ন্ত্রন ব্যবস্থাদি পরীক্ষার জন্য স্থগীত রাখা যাইতে পারে। |

<u>মেসার্স একমি ল্যাবরেটরীজ লি.</u>

| | |
|---|---|
| ১। পলিভিট ড্রপ (মালটিভিটামিন) | ব্রান্ড নাম পরিবর্তন করে অনুমোদন দেওয়া যাইতে পারে। |
| ২। একমিসিলিন ড্রাই সিরাপ (এমপিসিলিন-২৫০ মি:গ্রা:/৫ মি.লি. | দ্বিগুন মাত্রার বলে বাতিল করা যাইতে পারে। |
| ৩। ডাইজিড টেবলেট (এলু. হাইড্রক্সাইড জেল. ম্যাগ. হাইড্রোক্সাইড | ডিজারভেটিভ বাদ দিতে হইবে, এক্সিপিয়েনট সংশোধন করে আবার পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৪। এ-ক্লক্স ক্যাপসুল (ক্লক্সাসিলিন ৫০০ মি.গ্রা:) | ক্লক্সাসিলিন সল্ট এর পরিমান সঠিক করে সংশোধিত আকারে পেশ করার জন্য বলা যাইতে পারে। |
| ৫। ইলেক্ট্রো-কে টেবলেট (পটাশিয়াম ক্লোরাইড) | ইফারভেসেন্ট আকারে বাতিল করা যাইতে পারে। |

<u>মেসার্স সাবুরা কেমি.ওয়ার্কস, বাগেরহাট</u>

| | |
|---|---|
| ১। ওয়ার্মিডেল লিকুইড (মেবেনডাজল ১০০ মি,গ্রা/৫ মি,লি) | তাহাদের লাইসেন্সড ওকন পদদ্বয় বিশ্লেষনের পর বিবেচনা করা যাইতে পারে। |

<u>মেসার্স কেমিকো ল্যাবরেটরীজ, রাজশাহী</u>

| | |
|---|---|
| ১। ক্যামোজোল টাবলেট (মেটোনিডাজোল ৪০০ মি গ্রা) | একাশিয়া বাদ দিয়া অনুমোদন করা যাইতে পারে। |

[signature] [signature]

মেসার্স নর্থ বেঙ্গল ফার্মাসিউটিক্যাল, নওগাঁ

| | |
|---|---|
| ১। মেবেনডাজোল সাসপেনশন (মেবেনডাজোল-১০০ মি, গ্রা., ৫ মি, লি) | নতুন পরিদর্শন প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে পরীক্ষা করিয়া অনুমোদনের জন্য সুপারিশ করা হইল। |
| ২। প্যারাসিটামল সিরাপ ১২০ মি, গ্রা., ৫মি, লি) | ঐ |
| ৩। আলটাসিড টাবলেট (এন্টাসিড) | ঐ |
| ৪। সুপারজোল ট্যাবলেট (কোট্রাইমক্সাজোল) | ঐ |
| ৫। হিমোডাইন সিরাপ (ফেরাস গ্লুকোনেট ৩০০ মি.গ্রা. ৫ মি, লি | ঐ |
| ৬। টেট্রাসাইক্লিন ক্যাপসুল ২৫০ মি, গ্রা. | স্থগিত রাখা যাইতে পারে। |
| ৭। আলটাসিড সাসপেনশন (এন্টাসিড) | ঐ |
| ৮। এমপিসিলিন ক্যাপসুল ২৫০ মি, গ্রা | ঐ |

মেসার্স এভারেষ্ট কেমিক্যাল, চট্টগ্রাম

| | |
|---|---|
| ১। ফ্যাভিন টাবলেট (গ্রাইজিওফালভিন ১২৫ মি, গ্রা) | প্রতিষ্ঠানটির লাইসেন্স প্রাপ্ত পদগুলি প্রায়ই নিম্নমানের পাওয়া যাইতেছে বিধায় তাহাদের নতুন কোন রেসিপির অনুমোদন না দেওয়ার সুপারিশ করা হইল, তাহাদের চালু পদগুলি মান আরও উন্নত করিতে উপদেশ দেওয়া যাইতেছে। |
| ২। এডক্লক্স ক্যাপসুল (ক্লক্সাসিলিন) | ঐ |
| ৩। থায়াভিট ট্যাবলেট (ভিটামিন বি-১) | ঐ |
| ৪। এভট্রিম লিকুইড (কোট্রাইমক্সাজোল) | ঐ |
| ৫। এমিসিলিন ক্যাপসুল (এমপিসিলিন) | ঐ |
| ৬। এভট্রিম ট্যাবলেট | ঐ |
| ৭। ফেরাফেস ক্যাপসুল (আয়রন ফলিক এসিড) | এই ক্যাপসুল গ্রুপ অনুমোদন করা হয় না বিধায় বাতি.. করা যাইতে পারে। |

মেসার্স প্যারাডাইস কেমিক্যাল, বরিশাল

| | |
|---|---|
| ১। প্যাসট্রিম সাসপেনশন (কোট্রাইমক্সাজোল) | পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী দেখা যায় যে ঔষধটির উৎপাদনের জন্য এখনো যথাযথ ব্যবস্থা গ্রহন করা হয় নাই। এই পরিপ্রেক্ষিতে রেসিপিটি স্থগিত রাখা যাইতে পারে। |

ইউনিভারসাল ফার্মাসিউটিক্যালস লি., পাবনা

| | |
|---|---|
| ১। সালবিউটামল সিরাপ ২ মি.গ্রা. ৫ মি, লি | পরিদর্শনের মাধ্যমে প্রস্তুত ও মাননিয়ন্ত্রণের ব্যবস্থা পরীক্ষা করিয়া দেখার জন্য স্থগিত রাখা যাইতে পারে। |
| ২। প্যারাসিটামল সিরাপ ১২০ মি, গ্রা. ৫ মি, লি. | ঐ |

মেসার্স এপসোনিন কেমিক্যাল ইন্ডা. লি. বরিশাল

| | |
|---|---|
| ১। এপসোফেন ট্যাবলেট (আইবুপ্রোফেন ৪০০মি.গ্রা) | কোটিং দ্রব্যাদি আলাদাভাবে দেখিয়ে পুনরায় পেশ করা যেতে পারে। |
| ২। ইনজেকশন ফুনিস (ফুরোসেমাইড ২০ মি, গ্রা. ২মি, লি.) | পরিদর্শনের জন্য স্থগিত রাখা যাইতে পারে। |

<u>মেসার্স গ্লাক্সো বাংলাদেশ লিঃ চট্টগ্রাম</u>

| | |
|---|---|
| ১। ডায়াজেপাম ট্যাবলেট ৫ মি,গ্রাঃ | রেসিপিটি কালারের নাম ও স্পেসিফিকেশন ও প্যাক সাইজ সহ পুনঃ পেশ করার জন্য বলা যাইতে পারে। |

<u>নর্থ বেঙ্গল ফার্মাসিউটিক্যালস, নওগা</u>

| | |
|---|---|
| ১। সুপারজোল সাস্পেনশন (কোট্রাইমক্সাজোল ২৪০ মি, গ্রাম) | ওভারেজ ও সাইট্রিক এসিড বাদ দিয়ে পিউরিফাইড ওয়াটার যোগ করিয়া সংশোধিত আকারে অনুমোদন করা যাইতে পারে। |
| ২। প্রোমাজিন লিকুইড (প্রোমেথাজিন ৫ মি,গ্রা, ৫ মি,লি) | নাম পরিবর্তন করিয়া ওভারেজ বাদ দিয়া অনুমোদন করা যাইতে পারে। |
| ৩। প্যারাসিটামল ট্যাবলেট ৫০০ মি,গ্রা | অনুমোদন করা যাইতে পারে। |
| ৪। বীটপ্ল ক্যাপসুল (ভিটামিন বি কমপ্লেক্স) | পদটি ক্যাপসুলরূপে গ্রহনযোগ্য নয় বলিয়া রেসিপিটি বাতিল করা যাইতে পারে। |

<u>মেসার্স স্কয়ার ফার্মাসিউটিক্যালস, পাবনা</u>

| | |
|---|---|
| ১। ডাইপেন ৪ লাক পাউডার ফর ইন্জেকশন (প্রোকেইন পেনিসিলিন + বেনজাইল পেনিসিলিন) | ওয়াটার ফর ইন্জেকশন সহ উৎপাদন ও মাননিয়ন্ত্রনের ব্যাবস্থাদি পরীক্ষার জন্য স্থগিত রাখা যাইতে পারে। |
| ২। ডাইপেন ৮ লাক পাউডার ফর ইন্জেকশন | ঐ |
| ৩। বেনজাপেন ১২ লাক পাউডার ফর ইন্জেকসন (বেনজথিন পেনিসিলিন) | ঐ |
| ৪। বেনজাপেন ২৪ লাক পাউডার ফর ইন্জেকশন | ঐ |
| ৫। এমপিসিন ২৫০ ইন্জেকশন (এমপিসিলিন) | ঐ |
| ৬। এমপিসিন ৫০০ ইন্জেকশন | ঐ |
| ৭। ফ্লক্সাসিন ৫০০ ইন্জেকশন (ক্লক্সাসিন) xxxxxx | ঐ |
| ৮। নক্সাসিন ২৫০ ইন্জেকশন | ঐ |
| ৯। জেনাসিন ইন্জেকশন (জেনটামাইসিন) ৪০ মি, গ্রা, ২ মি,লি | ঐ |
| ১০। স্ট্রেপ্টোমাইসিন ইন্জেকশন ১২৫ গ্রাঃ/৫ মি,লি | ঐ |
| ১১। সায়ানোকোবালামিন ইন্জেকশন ১ মি,গ্রা/১ মি,লি | ঐ |
| ১২। ইন্জেকশন অক্সিটসিন ৫ আই, ইউ/১ মি,লি | ঐ |
| ১৩। ইন্জেকশন ফ্রুসিন (ফ্রুসেমাইড ২০ মি,গ্রা, ২ মি,লি | ঐ |
| ১৪। ইন্জেকশন থায়ামিন ১০০ মিগ্রা, ১ মি,লি | ঐ |
| ১৫। এস কিউ মাইসেসিন টপিক্যাল অয়েন্টমেনট ৫ (ফ্রেমাইসেটিন) | ভুল ফর্মুলার জন্য বাতিল করা যাইতে পারে। |

ড্রাগ কন্ট্রোল কমিটির ১৫১তম সভার কার্যবিব

৯১,পৃষ্ঠা-২ ৭৬০২


GONOSHASTHAYA KENDRA
PEOPLES HEALTH CENTRE
গণস্বাস্থ্য কেন্দ্র
পোঃ নয়ারহাট ভায়া ধামরাই, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৪১১৫৬৭, ২৩৮৬৩২, ২৩৯৬৯৪, টেলিগ্রাম: গ্রাম গড় ঢাকা, টেলেক্স: ৬৫৮৪৯ জিকে ডিএ বিজে


প্রকল্পসমূহ :

- সাভার গণস্বাস্থ্য কেন্দ্র
- ভাতশালা গণস্বাস্থ্য কেন্দ্র
- শ্রীপুর গণস্বাস্থ্য কেন্দ্র
- গণকৃষি খামার
- নারী কেন্দ্র
- গণশিল্পালয়
- গণপাঠশালা
- গণকাঠ কারখানা
- গণপাদুকা
- মাসিক গণস্বাস্থ্য
- গণপ্রকাশনী
- গণমুদ্রণ
- গণস্বাস্থ্য বেকারী
- গণকারুকেন্দ্র
- গণস্বাস্থ্য জুট প্লাস্টিক
- গণপ্রচারণ
- দশমিনা গণস্বাস্থ্য কেন্দ্র
- সাটুরিয়া গণস্বাস্থ্য কেন্দ্র
- সোনাগাজী গণস্বাস্থ্য কেন্দ্র
- আত্রাই গণস্বাস্থ্য কেন্দ্র
- শিবগঞ্জ গণস্বাস্থ্য কেন্দ্র
- সিরাজগঞ্জ গণস্বাস্থ্য কেন্দ্র
- গণস্বাস্থ্য ভেষজ গবেষণা
- গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিমিটেড

ডঃ নুরুল আনোয়ার
সদস্য সচিব,
ড্রাগ কন্ট্রোল কমিটি
এবং
যুগ্ম পরিচালক, নিপসম
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঢাকা।

তাং- ১-২-৯৪ বাং।
১৬-৫-৮৭ইং।

প্রিয় ডঃ আনোয়ার,

(ক) ওষুধের প্রচলিত রিসিপি (Recipe) আবেদন পত্রে নিম্নলিখিত প্রশ্নগুলো সংযুক্ত হওয়া প্রয়োজন বলে আমি মনে করি।

১। রিসিপি দরখাস্ত দাখিলের তারিখ ---------

২। কোম্পানীর অনুমোদিত মোট কয়টি রিসিপি রহিয়াছে ?

৩। দরখাস্তের তারিখ পর্যন্ত মোট কয়টি রিসিপির ওষুধ বাজারজাত করেছেন ?

৪। (২) ও (৩) এর সংখ্যার তারতম্য থাকিলে, ইহার হেতু কি ?

৫। গত আর্থিক বছরে মোট কত টাকার এক্সাইজ ডিউটি (আবগারী শুল্ক) দিয়েছেন ? --------

৬। যে সমস্ত রোগে এই ওষুধ ব্যবহৃত হইবে তার তালিকা ও মাত্রা রিসিপি আবেদন পত্রে উল্লেখ করিতে হইবে, [ডোজ/ইত্যাদি] ইহার ব্যতিক্রম দন্ডনীয় হইবে।

৭। গত তিন বৎসরে, কোম্পানীকে নিম্নমানের জন্য ওষুধ প্রশাসন কর্তৃক কোনরূপ তিরস্কার বা সতর্কীকরন (ওয়ার্নিং) করা হইয়াছে কিনা ? হ্যাঁ হইলে কখন, কি কারণের জন্য তাহা উল্লেখ করুন।

৮। ফ্যাক্টরী কি ভাড়া বাড়ীতে অবস্থিত ? হ্যাঁ / না

৯। ওষুধের ফ্যাক্টরী কি নিজস্ব ভবনে শহরের ভিতরের না বাহিরে অবস্থিত, তাহা উল্লেখ করুন --------

১০/ ১১/ ১২/ ১৩ -------- ২০ ---- অন্যান্য স্বাভাবিক তথ্যাদি

দাখিলকৃত উপরোক্ত সব তথ্য সত্য, এই মর্মে কোম্পানীর মালিক, প্রোডাকশন ম্যানেজার ও মাননিয়ন্ত্রন ম্যানেজারকে স্বাক্ষর করিতে হইবে। প্রোডাকশন ম্যানেজার ও মাননিয়ন্ত্রন ম্যানেজারের রেজিষ্ট্রার নম্বর

mna 18/5/87

Chairman, DCC.




মুক্তিযুদ্ধের সাবেক বাংলাদেশ হাসপাতাল।
ট্রাস্ট চেরিটেবল ট্রাষ্ট — দান আয়কর মুক্ত

বং কোম্পানীতে যোগদানের তারিখ উল্লেখ করুন । ( বিঃ দ্রঃ ভুল তথ্য পরিবেশন করিলে কোম্পানীর উৎপাদন লাইসেন্স বাতিল হইবে ) ।

ালিক / ব্যবস্থাপনা পরিচালক          প্রোডাকশন ম্যানেজার          মাননিয়ন্ত্রন ম্যানেজার

(খ) এন্টাসিড, পেনিসিলিন, ভিটামিন, আয়রন, এবং এন্টিবায়োটিকের প্রতিটি কতটি কোম্পানী উৎপাদন করেন, তা ডি সি সি'র সদস্যদের কাজের সুবিধার্থে আগামী মিটিং এ প্রকাশ করা উচিৎ বলে আমি মনে করি।

(গ) ওষুধ কোম্পানী সমূহ কর্তৃক সরবরাহকৃত তথ্যের ভিত্তিতে বাংলাদেশস্থ ওষুধ কোম্পানী সমূহের মাননিয়ন্ত্রন ব্যবস্থা সম্পর্কিত তথ্য ও ডি সি সি'র আগামী মিটিং এ প্রকাশ করা প্রয়োজন বলে আমি মনে করি।

(ঘ) কোন ওষুধ বা মোড়ক প্রত্যাহার করা হলে, তা প্রতিটি ওষুধ কোম্পানীকে এবং কাষ্টমস্ অফিসকে জানানো প্রয়োজন বলে আমি মনে করি। এবং এ' তথ্য পত্রিকায় প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ হওয়া দরকার ।

(ঙ) সাবষ্টান্ডার্ড ওষুধ প্রত্যাহারের বিজ্ঞাপন পত্রিকার প্রথম পাতায় প্রকাশিত হওয়া প্রয়োজন ।

(চ) খারাপ ওষুধ প্রত্যাহারের সংবাদ প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সকল শ্রেণীর পত্রিকায় প্রকাশের ব্যবস্থা নেওয়া উচিৎ ।

(ছ) ও,টি, সি ওষুধের তালিকা ও তাদের বিজ্ঞাপন সম্পর্কিত একটা নীতিমালা প্রয়োজন ।

(জ) যে সব ওষুধ বিদেশ থেকে আমদানী হয় তার তালিকা ( জিনেরিক এবং ব্রান্ড নামে) প্রতিটি ওষুধ প্রস্তুতকারক কোম্পানীর নিকট প্রেরণ আবশ্যক । এতদসংগে তাদের কাছে প্রেরিত পত্রে এও উল্লেখ করা দরকার যে, আমদানীকৃত ওষুধ বাংলাদেশে কেউ উৎপাদন করতে চাইলে তাকে জরুরী-ভিত্তিতে রিসিপি পাশ করে দেওয়া হবে এবং বর্তমানে আমদানীকৃত ওষুধের দরই হবে দেশে উৎপাদিত উক্ত ওষুধের সর্বোচ্চ খুচরা মূল্য । এই সুবিধে এক বৎসর বহাল থাকবে । স্বল্পকালীন সময়ের জন্য হলেও অতিরিক্ত সুবিধা পাবার কারণে দেশী কোম্পানীরা আমদানী বিকল্প ওষুধ তৈরীতে এগিয়ে আসবে বলে আমার ধারনা।

(ঝ) প্রতিটি ওষুধ কোম্পানীর বিভিন্ন ওষুধের রেজিষ্ট্রেসনের মেয়াদ কবে শেষ হবে তার তালিকা ডিসি সি সদস্যদের জানানো প্রয়োজন । এতে কাজের সুবিধে হবে ।

ধন্যবাদান্তে -

[signature]

( ডাঃ জাফরুল্লাহ চৌধুরী )
প্রকল্প সমন্বয়ক।

## ড্রাগ কন্ট্রোল কমিটির ১৫৯তম সভার কার্যবিবরনী

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রনালয়ের সচিব মহোদয় জনাব মন্জুরুল করিম এর অনুপস্থিতে ব্রিগেডিয়ার আনিস ওয়াইজ সাহেবের সভাপতিত্বে ড্রাগ কন্ট্রোল কমিটির ১৫৯তম সভা বিগত ২৪-৬-৮৭ ইং তারিখে সকাল ৯ ঘটিকায় নিপসম, মহাখালী এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নলিখিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

১) ডাঃ জাফরুল্লাহ চৌধুরী
২) ডঃ এ,কে, আজাদ চৌধুরী
৩) ডাঃ আজিজুর রহমান
৪) পরিচালক, ঔষধ প্রশাসন।
৫) জনাব আমিন লস্কর
৬) ডঃ মোঃ নুরুল আনোয়ার।

সভায় নিম্নলিখিত সদস্যগন অনুপস্থিত ছিলেন ঃ

১) মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয় ঃ

১। ১৫৮তম সভার কার্যবিবরনী অনুমোদন করা হয় এবং নিম্নলিখিত পরিবর্তন করা হয়।

গ্রীনক্রস, কোরিয়া - হেপাভেক্স ভেক্সিন তাহাদের পূর্ববর্তী কার্যকলাপের জন্য (রেজিঃ এর পূর্বে বিক্রির জন্য) স্থগিত রাখা হয়।

২। গ্রীনক্রস, জাপান এর এইচ-বি ভেক্সিন (                    ) যাহার ব্যাবহার বিধি সাব কিউটেনিয়াম তাহার রেজিঃ সার্টিফিকেট প্রদান করার জন্য বলা হইল। উল্লেখ করা যাইতে পারে যে (এ বি পি আই ও (বি এন এফ) অনুযায়ী) হেপাটিটিস ভেক্সিন এর ব্যাবহার বিধি ইন্ট্রামাসকুলার এবং গ্রীনক্রস জাপানের ব্যবহার বিধি ইন্ট্রা সাব কিউটিনিয়াম। বিশ্ব স্বাস্থ্য সংস্থা হইতে এ ব্যাপারে মতামত লইবার জন্য বলা হইল।

সভায় সাব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

১) ভিটামিন সি টেবলেট শুধুমাত্র ২৫০ মিঃগ্রাঃ আকারে থাকিবে। ভিটামিন সি সিরাপ ও ড্রপ ও ১০০ মিঃগ্রাঃ টেবলেট বাতিল হইবে।

২) টেট্রাসাইক্লিন ২৫০ মিঃগ্রাঃ শুধুমাত্র কেপসুল আকারে বাজারজাত থাকিবে, ৫০০ মিঃগ্রাঃ টেবলেট ও কেপসুল বাতিল হইবে। টেবলেট আকারে অনুমোদিত হইবেনা।

৩) থিওফাইলিন সোডিয়াম গ্লাইসিনেট ২'৪% অনুমোদিত থাকিবে, ৩% মাত্রায় বাতিল হইবে।

৪) পটাশিয়াম ক্লোরাইড সিরাপ অনুমোদিত থাকিবেনা, টেবলেট ৬০০ মিঃগ্রাঃ ও ইনজেকশন ১ মিঃ ইকুই /মিঃলিঃ, ১০, ২০ মিঃলিঃ ভায়াল আকারে অনুমোদিত হইবে।

৫) লেভামাইসল ৪০ মিঃগ্রাঃ প্রতি টেবলেট ও ৪০ মিঃগ্রাঃ/প্রতি ৫ মিঃ লিঃ সিরাপ অনুমোদিত হইবে। ৫০ মিঃগ্রাঃ টেবঃ ও ৫০ মিঃগ্রাঃ /প্রতি ৫ মিঃলিঃ সিরাপ বাতিল হইবে।

৬) জেনশন ভায়োলেট (Gentian violet), তরল আকারে বাতিল হইবে। শুধুমাত্র পাউডার আকারে/ব্যবহারের নিয়ম সহকারে বাজারজাত থাকিবে।

৭) মেবেনডাজল ১০০ মিঃগ্রাঃ টেবলেট ও ১০০ মিঃগ্রাঃ/প্রতি ৫ মিঃলিঃ সিরাপ অনুমোদিত থাকিবে। ৫০০ মিঃগ্রাঃ টেবলেট বাতিল হইবে।

(মো. নু. আ.

জঃ পৃঃ দ্রঃ/২।

৮) মিথাইল ও সেলিসাইলেট মলম এককভাবে অথবা আয়োডিন সহযোগে বাতিল হইবে।

৯) ডায়াজিপাম ৫ মিঃগ্রাঃ টেবলেট অনুমোদিত থাকিবে। ২ মিঃগ্রাঃ অথবা ১০ মিঃগ্রাঃ টেবলেট বাতিল হইবে।

১০) মেট্রোনিডাজল ২০০ মিঃ গ্রাঃ ও ৪০০ মিঃগ্রাঃ টেবলেট অনুমোদিত হইবে। ২৫০ ও ৫০০ মিঃ গ্রাঃ টেবলেট বাতিল হইবে। অনুরূপ সিরাপে ২০০ মিঃগ্রাঃ /৫ মিঃলিঃ থাকিবে। অনুমোদিত থাকিবে।

১১) ফেরাস গ্লুকোনেট, ফেরাস ফিউমারেট সিরাপ বাতিল হইবে। ফেরাস সালফেট সিরাপ ৪% মাত্রায় অনুমোদিত হইবে। কেবল মাত্র ২০০ মিঃলিঃ বোতলে সতর্কী করন সহ অনুমোদিত থাকিবে

১২) এন্টাসিড টেবলেট Al(OH)$_3$ ড্রাইড জেল ২৫০ মিঃগ্রাঃ ও Mg(OH)$_2$ অথবা Mg-Trisilicate ২৫০ মিঃগ্রাঃ অনুমোদিত হইবে। এছাড়া সকল মাত্রায় টেবলেট বাতিল হইবে।

১৩) ক্লোরোকুইন ইনজেকশন বাতিল হইবে, কুইনিন ইনজেকশন এর মাত্রা শুধুমাত্র ৩০০ মিঃগ্রাঃ / ৫ মিঃলিঃ হইবে।

১৪) গ্লিবেন ক্লেমাইড ৫ মিঃ গ্রাঃ টেবলেট অনুমোদিত থাকিবে। ২.৫ মিঃগ্রাঃ টেবলেট বাতিল হইবে।

১৫) ডাইসাইক্লোমিন বাজারজাত থাকিবে না।

১৬) মেক্লোজিন এককভাবে অনুমোদিত থাকিবে, ভিটামিন বি-৬ সহযোগে অনুমোদিত থাকিবেনা।

১৭) ইফিড্রিন, থিওফাইলিন /হাইড্রোক্সিজিন হাইড্রোক্লোরাইড/এমাইনোফাইলিন অথবা ফেনোজোন সহযোগে অনুমোদিত হইবেনা। কেবল Ephedrine অথবা Pseudoephedrine অনুমোদিত একক ভাবে থাকিবে।

১৮) কেমফর, মেনথল, থাইমল, সহযোগে দাঁতের ব্যাথার ঔষধ অনুমোদিত থাকিবেনা।

১৯) মেগনেসিয়াম সালফেট পাউডার ও মিল্ক অব মেগনেসিয়াম সাসপেনশন অনুমোদিত থাকিবেনা।

নিম্নলিখিত ঔষধের আমদানীর রেজিঃ বাতিল হইবে।

১) ট্রিপোলিডিন টেবলেট (মেসার্স- বারোজ ওয়েল কাম এর একটিডিন টেবলেট)।

২) ইনজেকশন ইমেটিন (Emetin)

৩) নাইট্রোফুরাটোইন সিরাপ

অত্যাবশ্যকীয় তালিকা বহির্ভূত ঔষধের তালিকা পর্যালোচনা করা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্ত লওয়া হয়, উক্ত তালিকা হইতে নিম্নলিখিত ঔষধের আলাদা তালিকা করার সিদ্ধান্ত লওয়া হয়।

১) দেশে প্রস্তুতকৃত কাচাঁমাল।

২) প্রেসক্রিপশন কেমিক্যাল/রিপেকিং সামগ্রী (Repacking)

৩) ~~সার্জিক্যাল এ্যাপ্লিয়েন্সেস~~ শল্যচিকিৎসায় ব্যবহৃত সামগ্রী

৪) মেডিসিনাল গ্যাস

৫) দেহের বাহিরে ব্যবহৃত রোগ নির্ণয়ের সামগ্রী / রাসায়নিক দ্রব্যাদি।

৬) ঘরে ব্যবহৃত পোকামাকড় ধ্বংসকারী ঔষধ।

৭) জন্মনিয়ন্ত্রনের জন্য বাহ্যিকভাবে ব্যবহৃত সামগ্রী।

নিম্নলিখিত ঔষধের ব্যাবহার সীমিত করার জন্য বলা হইল।

১) ডক্সিসাইক্লিন নুতন রেসিপি দেওয়া হইবেনা।

২) ডাইপিরিডামোল টেবলেট শুধুমাত্র ১০০ মিঃগ্রাঃ থাকিবে, কেবল মাত্র CABG ও ভালব প্রতিস্থাপনের পর ও রি-ইনফার্কশনের (Reinfarction) ব্যবহৃত হইবে।

৩) সিন্নারাজিন (Cinnarizine), শুধুমাত্র মাইগ্রেইনে ব্যবহৃত হইবে, এবং লেবেলে উল্লেখ থাকিতে হইবে।

৪) নিকেথেমাইড (Nikethamide), শুধুমাত্র হাসপাতালে, Respiratory failure-এ ব্যবহার করিতে হইবে

১৭৩

নিম্নলিখিত ঔষধ সমূহের দেশে প্রয়োজন আছে কিনা তাহা পার্শ্বে উল্লেখিত বিশেষজ্ঞের মতামত লইতে হইবে।

১) বেনসাইক্লেন
ক) অধ্যাপক কবীর, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
খ) অধ্যাপক আলম ( আই, সি ডি, ডি )
গ) কর্নেল মোহাইমেন।

২) ডাইক্লোরোফেনামিন/এসিটাজোলামাইড ঔষধ দুইটির মধ্যে কোনটি প্রয়োজন।
ক) অধ্যাপক হারুন খ) ডাঃ মোদাস্সের আলী ৩) অধ্যাপক আহমেদ শরীফ
ও ঘ) অধ্যাপক ওয়াদুদ।

৩) মেপ্রোটিলিন
ক) অধ্যাপক নাজিমউদ্দৌলা চৌধুরী
খ) অধ্যাপক হেদায়েত হোসেন
গ) অধ্যাপক কামরুজ্জমান

~~৪) এমিট্রেট ( ডেকোতার্ম ক) লেঃ কর্নেল জাফর আলেক।~~
~~হেনসিনোমাইড~~

৪) পেনবুটোলোল
ক) ব্রিগেডিয়ার মালেক
খ) ডাঃ মজিবুল হক
গ) অধ্যাপক এস, জি, এম চৌধুরী

( বিকল্প ঔষধ হইতে উপকারিতা আছে কিনা তাহা জানানোর জন্য অনুরোধ করা হইবে। )

১) পিপোথাইয়াজিন পালমিটেট
ক) অধ্যাপক কামরুজ্জমান
খ) অধ্যাপক নাজিমউদ্দৌলা চৌধুরী
গ) কর্নেল আজিজুল হক

২) প্রোপারাকেইন -
ক) অধ্যাপক মোসাদ্দিকুর রহমান
খ) অধ্যাপক আহমেদর শরীফ।

৮। সকল নিম্নলিখিত বাজারজাত/রেজিঃকৃত এক্সরে-কনট্রাষ্ট মিডিয়া গুলির কোন গুলির প্রয়োজন তাহা জানাইতে অনুরোধ করা হইল।

১) আয়ুপানোয়িক এসিড (Iopanoic acid)
২) ব্যারিয়াম সালফেট (Barium Sulphate)
৩) আয়ুথালামিক এসিড (Iothalamic Acid.
৪) ডায়েট্রোজয়িক এসিড (Diatrizoic acid)
৫) ডায়েট্রোজয়িক এসিড + মেগলমিন
৬) আয়োপেমিডল (Iopamidol)
৭) সোডিয়াম আয়ুপোডেট (Sodium Iopodate)
৮) একোট্রিজোইক এসিড (Acetrizoic acid)
৯) নাইট্রোজেন ডায়াট্রোজোয়েট (
১০) আয়োডিজেড অয়েল। (Iodized oil)

১) অধ্যাপক কে, এস, হক
ইসকাটন ক্লিনিক, ১৪, ইসকাটন গার্ডেন।
২) কর্নেল এ, এফ মতিন
পপুলার এক্সরে ক্লিনিক
৩) অধ্যাপক এন সোবহান ( গ্রীন এক্সরে ক্লিনিক )

৯। মনোসেমিকার্বাজোন এড্রিনোক্রোম - (Monosemicarbazone Adrenochrome)
ব্রিগেডিয়ার কে, এম, সিরাজ জিন্নাত
সৈয়দা ফিরোজা বেগম
অধ্যাপক মতিউর রহমান
ডাঃ এস, জি, এম চৌধুরী।

১০। ন্যাডোলোল -
অধ্যাপক হারুন -উর রশিদ (নেফ্রোলোজিষ্ট)
অধ্যাপক মতিউর রহমান ঐ
অধ্যাপক আবু জাফর (আই সি ডি ডি)
অধ্যাপক মাহমুদুর রহমান।

অঃ মুঃ দুঃ / ৪।

(স্ব. নু. ঞ.

প্রোপ্রানোলওল ও এটেনোলওল অথবা যে সকল বি-ব্লকার পাওয়া যায় তাহাদের চেয়ে অতিরিক্ত উপকারিতা আছে কিনা তাহা জানানোর জন্য বলা হইল।
(Sub Beralin of M/s Zmark.)

১১। প্রেডনিসোলওন -২১ এসিটেট/ও প্রেডনিসোলওন মেটাসালফোবেনজোয়েট (Hadnsa Forte oral) বাজারজাত বিকল্প ঔষধের চেয়ে অতিরিক্ত উপকারিতা আছে কিনা তাহা জানানোর জন্য বলা হইল।

১২। ডিনপেসিটিন — অধ্যাপক রশিদ উদ্দিন
কর্নেল এ,বি,এম, সায়েদ হোসেন
অধ্যাপক মান্নান
অধ্যাপক আতা-এলাহি।

অত্যাবশ্যকীয় তালিকা বহির্ভূত

সভায় নিম্নলিখিত রেসিপি গুলি বিবেচনা করা হয়।

| | | |
|---|---|---|
| মেসার্স-স্কুইব অব বাংলাদেশ লিঃ, ঢাকা। | ১) ভেলোসেফ পেডিয়েট্রিক ড্রপ (ছেফ্রাডিন) | বাতিল করা হইল কারন বি এন এফ অনুযায়ী ছেফ্রাডিন বাচ্চাদের জন্য ড্রপ উল্লেখ নাই। |
| মেসার্স-গেকো, ঢাকা | ১) সিম্পিসিলিন পেডিঃ ড্রপ (এম্পিসিলিন) | পরিদর্শনের জন্য স্থগিত রাখা হইল। |
| মেসার্স-ফার্মাদেশ ল্যাবঃ লিঃ | ১) মক্সেন টেবলেট (নাপ্রোক্সেন) | বাতিল করা হইল কারন নতুন বাতিল-কৃত তালিকায় অনুভুক্ত করা হইয়াছে। |
| মেসার্স-গন স্বাস্থ্য ফার্মা: লিঃ | ১) জি-রেনিটিডিন টেবলেট ৩০০ মিঃগ্রাঃ | বাতিল করা হইল কারন শুধুমাত্র ১৫০ মিঃগ্রাঃ অনুমোদিত হইবে। |
| | ২) রেনিটিডিন ১৫০ টেবঃ | টেবলেট আবরন যুক্ত করার জন্য বলা হইল। |
| মেসার্স-এম্মি ফার্মাঃ লিঃ, ঢাকা | ১) ইউনকটিন ৫ মিঃগ্রাঃ টেবঃ (নাইট্রোজেপাম) | বাতিল করা হইল কারন নতুন বাতিল কৃত তালিকায় অনুভুক্ত করা হইয়াছে। |
| মেসার্স-এভারেষ্ট ফার্মাঃ চট্টগ্রাম | ১) ডাইলক্স টেবলেট (ডাইলোক্সানাইড ফুরোয়েট) | পরিদর্শনের জন্য স্থগিত রাখা হইল। |
| | ২) মেডিকা টেবলেট (মেফেনামিক এসিড) | বাতিল করা হইল কারন আর প্রয়োজন নাই। |
| মেসার্স-বেক্সিমকো ফার্মাঃ | ১) ছেফ্রাজেন টেব | টেবলেট এর মূল্য বাজারজাত কেপসুল হইতে বেশী হইবেনা। এই শর্তে অনুমোদন করা হইল। |
| মেসার্স-ইবনে সিনা ফার্মা | ১) সিনালজিক টেবঃ (মেফিনেমিক এসিড) | বাতিল করা হইল কারন আর প্রয়োজন নাই। |
| মেসার্স-বেক্সিমকো ফার্মাঃ লিঃ | ১) ডেকাপেন ২৫০ মিঃগ্রাঃ (এম্পিসিলিন) ট্যাবলেট | টেবলেট ও কেপসল এর মধ্যে যেটির দাম কম সেটি বাজারজাত করিবে এই শর্তে অনুমোদন করা হইল। |
| | ২) ডেকাপেন ৫০০ মিঃগ্রাঃ টেবলেট | বাতিল করা হইল কারন উক্ত মাত্রায় অনুমোদন হইবেনা। |
| | ৩) মাইকোনিল ৩০০ মিঃগ্রাঃ রিফামপিসিন) | -ঐ- |
| | ৪) মাইকোনিল টেবঃ ৪৫০ | সমমাত্রার কেপসল অপেক্ষা দাম বেশী হইবেনা এই শর্তে অনুমোদিত হইল। রিফামপিসিন ১৫০ ও ৪৫০ টেবলেট ও কেপসল আকারে অনুমোদিত হইবে ৩০০ মিঃগ্রাঃ কেপসুল বাতিল হইবে। |
| | ৫) ডেকাসাইক্লিন ২৫০ মিঃগ্রাঃ (টেট্রাসাইক্লিন) ট্যাবলেট | বাতিল করা হইল কারন টেবলেট ও দেওয়া হইবেনা। |
| | ৬) ডেকাসাইক্লিন ৫০০ মিঃগ্রাঃ | ~~টেবলেট~~ ৫০০ মিঃগ্রাঃ টেট্রাসাইক্লিন টেবঃ/কেপসুল অনুমোদন করা হইবে। |

মো. নু. অ.

অঃ পৃঃ দ্রঃ/৫।

| | | | |
|---|---|---|---|
| মেসার্স-ড্রাগ ইন্টারন্যাশনাল | ১) | চেফালেক্স ৫০০ মিঃগ্রাঃ | বাতিল করা হইল কারন ৫০০ মিঃগ্রাঃ টেবঃ/কেপসুল অনুমোদন করা হইবেনা। |
| মেসার্স-এস, কে এন্ড এফ ঢাকা | ১) | স্টেলাজিন ৫ মিঃগ্রাঃ | কারখানা স্থানান্তর করিলে রেসিপি অনুমোদন করা হইবে |
| | ২) | স্টেলাজিড টেবঃ ১মিঃগ্রাঃ | ঐ |
| | ৩) | পেলিয়া | কারখানা স্থাননুর এবং নাম পরিবর্তন করিতে হইবে |
| | ৪) | স্টেলাবিড টেবলেট (আইসো প্রাপামাইড আয়োডাইড) | বাতিল করা হইল। কারন |
| মেসার্স-বেক্সি মকো ফার্মা | ১) | লিপোলেন টেব: (প্রবুকল) | অনুমোদন করা হইল |
| | ২) | জেন্টাসেপ এইচ সি এনীম) | ঐ |
| | ৩) | কেপট্রিল ২৫ টেব (কেপটোপ্রিল) | ঐ |
| | ৪) | কেপট্রিন ৫০ (কেপটোপ্রিল) | ঐ |
| | ৫) | টাইসিল ২৫০ টেবলেট | ~~কেপসল~~ সমমাত্রার কেপসল অপেক্ষা দাম বেশী হইবে না এই শর্তে অনুমোদন করা হইল। |

পরবর্তী সভা মাসের দ্বিতীয় বুধবারের পরিবর্তে আগামী বুধবার (১ম সপ্তাহে) [১লা জুলাই] অনুষ্ঠিত হইবে।

সভাপতি উপস্থিত সদস্যগনকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার কার্য সমাপ্ত ঘোষনা করেন।

(মো. নু. আনোয়ার ২৭/৬/৮৭ ইং)
(ডঃ মোঃ নুরুল আনোয়ার)
সদস্য-সচিব
ড্রাগ কন্ট্রোল কমিটি।

সভাপতি
ড্রাগ কন্ট্রোল কমিটির।
[signature] ৩০/৬/৮৭